রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, অক্টোবর ২৫, ২০১৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**( জাতীয় রাজস্ব বোর্ড )**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১০ কার্তিক, ১৪২৩ বঙ্গাব্দ/২৫ অক্টোবর, ২০১৬ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৩২৫-আইন/২০১৬।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০ (২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা কর বিভাগ (১০ম গ্রেড হইতে ২০তম গ্রেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৬ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা ।**—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে এই বিধিমালায়—

(১) ''কমিশন'' অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(২) ''কর বিভাগ'' অর্থ জাতীয় রাজস্ব বোর্ডের নিয়ন্ত্রণাধীন কর নির্ধারণ, আদায় এবং তদ্‌সম্পর্কিত যাবতীয় কার্যাবলি সম্পাদনের দায়িত্বে নিয়োজিত বিভাগ;

(৩) ''ডিগ্রি" বা "ডিপ্লোমা" বা "সার্টিফিকেট'' অর্থ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়, স্বীকৃত প্রতিষ্ঠান, স্বীকৃত ইনস্টিটিউট বা স্বীকৃত বোর্ড কর্তৃক প্রদত্ত ডিগ্রি, ডিপ্লোমা বা শিক্ষাগত যোগ্যতা নির্দেশক সার্টিফিকেট বা, এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, বোর্ড কর্তৃক স্বীকৃত উক্ত ডিগ্রি, ডিপ্লোমা বা সার্টিফিকেট এর সমমানের শিক্ষাগত যোগ্যতাও ইহার অন্তর্ভুক্ত হইবে;



**মূল্য :** টাকা ২০.০০

(৪) ''তফসিল'' অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;

(৫) ''নিয়োগকারী কর্তৃপক্ষ'' অর্থ সরকার বা সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা;

(৬) ''পদ'' অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(৭) ''প্রয়োজনীয় যোগ্যতা'' অর্থ তফসিলে সংশ্লিষ্ট পদের বিপরীতে উল্লিখিত যোগ্যতা;

(৮) "কম্পিউটারে বেসিক ট্রেনিং" অর্থ কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটারে Word processing, Software, Hardware, Internet Browsing, Upload, Download, File, Folder ও কম্পিউটার চালনা সম্পর্কিত কোর্স;

(৯) '' শিক্ষানবিস'' অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;

(১০) "সিজিপিএ" অর্থ Cumulative Grade Point Average (CGPA); এবং

(১১) ''স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড'' বা "স্বীকৃত ইনস্টিটিউট" বা "স্বীকৃত প্রতিষ্ঠান" অর্থ আপাতত বলবৎ কোন আইনের দ্বারা বা অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষাবোর্ড বা ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয়, শিক্ষাবোর্ড, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি সাপেক্ষে, কোন শূন্য পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা হইবে। যথা :-

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) বদলীর মাধ্যমে।

(২) যদি কোন ব্যক্তির প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং কোন পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে যদি তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়, তবে উক্ত ব্যক্তিকে নিয়োগ করা যাইবে না।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা চলিবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তদ্‌কর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার, এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরমে ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকেন এবং স্বীয় ঊর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত বিভাগীয় পদোন্নতি কমিটির সুপারিশ অনুসারে পদোন্নতির মাধ্যমে কোন পদে নিয়োগ করা যাইবে :

তবে শর্ত থাকে যে, ১৮-১৩তম গ্রেড হইতে ১২-১০ম গ্রেড এবং ১২-১০ম গ্রেড হইতে ৯ম গ্রেডের যে কোন পদে কমিশনের সুপারিশ ব্যতিরেকে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে না।

(২) যদি কোন ব্যক্তির চাকরির বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি উক্ত পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিস**।—(১) কোন স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিস হিসাবে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য নিয়োগ করা যাইবে :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসি মেয়াদ এক বা একাধিকবার এইরূপে সম্প্রসারণ করিতে পারিবে যেন বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করে যে, তাহার আচরণ ও কাজকর্ম সন্তোষজনক নহে, কিংবা অদূর ভবিষ্যতে তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ-

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, যে পদ হইতে তাহাকে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) বর্ধিত মেয়াদ থাকিলে তাহা সহ শিক্ষানবিসি মেয়াদ সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিস মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কাজকর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবে; এবং

(খ) যদি এইরূপ অভিমত পোষণ করে যে, উক্ত মেয়াদ চলাকালে তাহার আচরণ ও কাজকর্ম সন্তোষজনক ছিল না বা অদূর ভবিষ্যতে তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সে পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসকে কোন পদে স্থায়ী করা হইবে না, যতক্ষণ না সরকারি আদেশবলে সময়ে সময়ে যে বিভাগীয় পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সে পরীক্ষায় তিনি পাস করেন ও সফলভাবে প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **বিশেষ বিধান**।—তফসিলের ক্রমিক নং-০২, ০৭, ২৭ ও ৩৪ এ উল্লিখিত যথাক্রমে প্রশাসনিক কর্মকর্তা, তত্ত্বাবধায়ক, বেইলিফ ও অফিস সহায়ক (দপ্তরী) পদে কর্মরত কর্মকর্তা বা কর্মচারীদের অবসর, মৃত্যু বা পদত্যাগের করণে উক্ত পদসমূহ শূন্য হইলে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ০৭/০৭/১১ তারিখের স্মারক নং-০৮.০৩২.০২৮.০০ .০০.০৬৩.২০০৯ (অংশ-২)৪২০/০১(১০৬) এর শর্ত-০৪ মোতাবেক উক্ত পদসমূহ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে এবং নূতন করিয়া উক্ত পদসমূহে কোন নিয়োগ প্রদান করা হইবে না।

৮। **রহিতকরণ ও হেফাজত**।—(১) এই বিধিমালা কার্যকর হইবার সঙ্গে সঙ্গে কর বিভাগ (২য় শ্রেণির কর্মকর্তা এবং কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯৫ অতঃপর রহিত বিধিমালা বলিয়া উল্লিখিত, এতদ্‌দ্বারা রহিত হইবে।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও—

(ক) রহিত বিধিমালার অধীন নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক কর বিভাগের কর্মকর্তা ও কর্মচারীগণের নিয়োগ, পদোন্নতি, স্থায়ীকরণ এবং চাকরি সংক্রান্ত শর্তাবলী বিষয়ে কৃত কোন কার্য বা গৃহীত কোন ব্যবস্থা এই বিধিমালার অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং

(খ) রহিত বিধিমালার আওতায় যে সকল কার্যক্রম অনিষ্পন্ন বা অমীমাংসিত রহিয়াছে উহা, যতদূর সম্ভব, এই বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে।

## তফসিল-১
### [ বিধি ২(ঘ) দ্রষ্টব্য ]

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১। | অতিরিক্ত সহকারী কর কমিশনার | অনূর্ধ্ব ৩০ বৎসর | মোট পদের-<br>(ক) ৮০% পদ সরাসরি নিয়োগপ্রাপ্ত “কর পরিদর্শক” এবং পদোন্নতিপ্রাপ্ত “কর পরিদর্শক” এর মধ্য হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে বদলির মাধ্যমে; এবং<br>(খ) ২০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **বদলির ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ০২। | প্রশাসনিক কর্মকর্তা | বিধি ৭ প্রযোজ্য হইবে। | | |
| ০৩। | ফিজিক্যাল ইনস্ট্রাক্টর | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে শরীরচর্চা শিক্ষা বিষয়ে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ০৪। | সাপোর্ট ইঞ্জিনিয়ার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত পলিটেকনিক ইনস্টিটিউট বা সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হইতে ০৪ (চার) বৎসর মেয়াদি কম্পিউটার বা কম্পিউটার সাইন্সে ডিপ্লোমা। |
| ০৫। | ডরমেটরি সুপার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে হোটেল ম্যানেজমেন্ট বিষয়ক ডিপ্লোমা কোর্স। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০৬। | কর পরিদর্শক | অনূর্ধ্ব ৩০ বৎসর | মোট পদের-<br>(ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে :<br>তন্মধ্যে-৬২% পদ প্রধান সহকারী ও উচ্চমান সহকারী;<br>৯% পদ সাঁট-লিপিকার কাম কম্পিউটার অপারেটর ও ব্যক্তিগত সহকারী; এবং<br>২৯% পদ সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর এর মধ্য হইতে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে :</u>**<br>(ক) প্রধান সহকারী পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা বা উচ্চমান সহকারী পদে ৮ (আট) বৎসরের চাকরির অভিজ্ঞতা বা উভয় পদে সাকুল্যে ৮ (আট) বৎসরের চাকরির অভিজ্ঞতা;<br>(খ) সাঁট-লিপিকার কাম কম্পিউটার অপারেটর বা ব্যক্তিগত সহকারী পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা;<br>(গ) সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর পদে ৮ (আট) বৎসরের চাকরির অভিজ্ঞতা;<br>(ঘ) বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ</u>**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ০৭। | তত্ত্বাবধায়ক | বিধি ৭ প্রযোজ্য হইবে। | | |
| ০৮। | স্টোর কিপার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৯। | কম্পিউটার অপারেটর | The computer personnel (Government organizations) Recruitment Rules, 1985 অনুযায়ী। | | |
| ১০। | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর | Stenographers and steno-typists (Ministries, Divisions & Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী। তবে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং, ইত্যাদির ক্ষেত্রে সর্বনিম্ন গতি "সাঁট-লিপিকার বা স্টেনোগ্রাফার বা সাঁট-মুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিস্ট, অফিস-সহকারী কাম-মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম-অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগযোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০" অনুযায়ী। | | |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১১। | ব্যক্তিগত সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটারে বেসিক ট্রেনিং কোর্সে উত্তীর্ণ; এবং<br>(গ) তফসিল-২ ও ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১২। | মেডিকেল সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) সরকার কর্তৃক স্বীকৃত Medical Assistant Training School (MATS) হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদি ডিপ্লোমা কোর্সে উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৩। | প্রধান সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে :<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>উচ্চমান সহকারী পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটারে বেসিক ট্রেনিং কোর্সে উত্তীর্ণ; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৪। | একাউন্টটেন্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে :<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>ক্যাশিয়ার পদে ৩ (তিন) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটারে বেসিক ট্রেনিং কোর্সে উত্তীর্ণ; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১৫। | উচ্চমান সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | মোট পদের-<br>(ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে :<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটারে বেসিক ট্রেনিং কোর্সে উত্তীর্ণ; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৬। | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | Stenographers and steno-typists (Ministries, Divisions & Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী। তবে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং, ইত্যাদির ক্ষেত্রে সর্বনিম্ন গতি "সাঁট-লিপিকার বা স্টেনোগ্রাফার বা সাঁট-মুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিস্ট, অফিস-সহকারী কাম-মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম-অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগযোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০" অনুযায়ী। | | |
| ১৭। | লাইব্রেরিয়ান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৮। | ক্যাশিয়ার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১৯। | ল্যাংগুয়েজ ল্যাব অ্যাটেন্ডডেন্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) ল্যাংগুয়েজ ল্যাব অ্যাটেন্ডডেন্ট হিসাবে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে;<br>(গ) কম্পিউটারে বেসিক ট্রেনিং কোর্সে উত্তীর্ণ; এবং<br>(ঘ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২০। | কম্পিউটার ল্যাব অ্যাটেন্ডডেন্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটারে বেসিক ট্রেনিং কোর্সে উত্তীর্ণ; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২১। | পেশ ইমাম | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ফাজিল অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) পেশ ইমাম হিসাবে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২২। | গাড়ি চালক | The Gazetted and Non-Gazetted Staff (Government Transport Directorate) Recruitment Rules, 1984 অনুযায়ী। | | |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ২৩। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকিটিং মেশিন অপারেটর, ডেসপাস রাইডার, দপ্তরী ও এম, এল, এস, এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী। তবে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং, ইত্যাদির ক্ষেত্রে সর্বনিম্ন গতি “সাঁট-লিপিকার বা স্টেনোগ্রাফার বা সাঁট-মুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিস্ট, অফিস-সহকারী কাম-মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম- অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগযোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা-২০১০” অনুযায়ী। | | |
| ২৪। | স্পীড বোট চালক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) স্পীডবোট চালক হিসাবে ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা;<br>(গ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৫। | মোয়াজ্জিন | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে আলিম অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) মোয়াজ্জিন হিসাবে ০১ (এক) বৎসরের অভিজ্ঞতা; এবং<br>(গ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৬। | বেইলিফ | বিধি ৭ প্রযোজ্য হইবে। | | |
| ২৭। | ডরমেটরি অ্যাটেন্ডডেন্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোন স্বীকৃত ডরমেটরি বা আবাসিক হোটেলে ০২ (দুই) বৎসরের কর্মের অভিজ্ঞতা; এবং<br>(গ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৮। | পাম্প চালক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সার্টিফিকেট; এবং<br>(গ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ২৯। | হাউজ কিপার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) হাউজ কিপার হিসাবে ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতা;<br>(গ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩০। | ক্লাসরুম অ্যাটেন্ডডেন্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) প্রজেক্টর ও স্লাইড প্রজেক্টর চালনায় ০১ (এক) বৎসরের অভিজ্ঞতাসহ কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩১। | লাইব্রেরি অ্যাটেন্ডডেন্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) লাইব্রেরি অ্যাটেন্ডডেন্ট হিসাবে ০২ (দুই) বৎসরের চাকরি;<br>(গ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩২। | ইলেকট্রিশিয়ান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সার্টিফিকেট; এবং<br>(গ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৩। | মেশিন অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে :<br>তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>অফিস সহায়ক পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ফটোকপি মেশিন চালনার বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(গ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ৩৪। | অফিস সহায়ক (দপ্তরী) | বিধি ৭ প্রযোজ্য হইবে। | | |
| ৩৫। | নোটিশ সার্ভার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৬। | অফিস সহায়ক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৭। | নিরাপত্তা প্রহরী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৮। | বাবুর্চি | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোন রেস্তোরা, হোটেল অথবা বেসরকারি প্রতিষ্ঠানে রান্নার কাজে ০২ (দুই) বৎসরের চাকরি; এবং<br>(গ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৯। | সহকারী বাবুর্চি | অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত "আউট সোর্সিং (Outsourcing)" এর মাধ্যমে "সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী। | | |
| ৪০। | পরিচ্ছন্নতা কর্মী | অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত "আউট সোর্সিং (Outsourcing)" এর মাধ্যমে "সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী। | | |
| ৪১। | মালি | অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত "আউট সোর্সিং (Outsourcing)" এর মাধ্যমে "সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮" অনুযায়ী। | | |

**তফসিল-২**

স্টোর কিপার, ব্যক্তিগত সহকারী, মেডিকেল সহকারী, প্রধান সহকারী, একাউন্টটেন্ট, উচ্চমান সহকারী, লাইব্রেরিয়ান, ক্যাশিয়ার, ল্যাংগুয়েজ ল্যাব অ্যাটেনডেন্ট, কম্পিউটার ল্যাব-অ্যাটেনডেন্ট, পেশ ইমাম পদে সরাসরি নিয়োগ পরীক্ষার বিষয়, নম্বর।

| ক্রমিক নং | পরীক্ষা ও বিষয়ের নাম | মোট নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| | (ক) লিখিত পরীক্ষা | ১০০ | ৫০% | |
| ১। | বাংলা | ৩০ | | ৯০ মিনিট |
| ২। | ইংরেজি | ৩০ | | |
| ৩। | গণিত | ২০ | | |
| ৪। | সাধারণ জ্ঞান | ২০ | | |
| | (খ) মৌখিক পরীক্ষা | ১০ | | |
| | সর্বমোট | ১১০ | | |

ব্যাখ্যাঃ (১) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবে।

(২) কম্পিউটারে Word processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে।

**তফসিল-৩**

ব্যক্তিগত সহকারী পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের সাঁটলিপি ও কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার গতি, নম্বর।

| পদের নাম | ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | ইংরেজি পরীক্ষায় মোট নম্বর | বাংলা পরীক্ষায় মোট নম্বর | প্রতি বিষয়ে সর্বনিম্ন পাস নম্বর | গড় পাস নম্বর | ইংরেজি পরীক্ষার সময় | বাংলা পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|---|---|---|
| সাঁটলিপি | | | | | | | | |
| ব্যক্তিগত সহকারী | ৮০ শব্দ | ৫০ শব্দ | ১০০ | ১০০ | ৪০% | ৫০% | ৫ মিনিট | ৫ মিনিট |
| কম্পিউটার মুদ্রাক্ষর | | | | | | | | |
| ব্যক্তিগত সহকারী | ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |

ব্যাখ্যাঃ (১) সাঁটলিপি নোট প্রতিলিপিকরণ (Transcribe) এর জন্য ৩০ মিনিট সময় বরাদ্দ থাকিবে।

(২) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোন গতি অর্জন করেন নাই বলিয়া গণ্য হইবে।

(৩) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫টি স্ট্রোক একটি শব্দ হিসেবে গণ্য হইবে। সর্বনিম্ন গতিকে পাস নম্বর (৪০%) হিসাবে গণ্য করা হইবে।

**তফসিল-৪**

স্পীড বোট চালক, মোয়াজ্জিন, ডরমেটরি অ্যাটেনডেন্ট, পাম্প চালক, হাউস কিপার, ক্লাস রুম অ্যাটেনডেন্ট, লাইব্রেরি অ্যাটেনডেন্ট, ইলেকট্রিশিয়ান, মেশিন অপারেটর, নোটিশ সার্ভার, অফিস সহায়ক, নিরাপত্তা প্রহরী, বাবুর্চি পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর।

| ক্রমিক নং | পরীক্ষার ও বিষয়ের মান | মোট নম্বর |
|---|---|---|
| (ক) লিখিত পরীক্ষা | | ৪০ |
| ১। | বাংলা | ১৫ |
| ২। | ইংরেজি | ১৫ |
| ৩। | গণিত | ১০ |
| (খ) মৌখিক পরীক্ষা | | ১০ |
| সর্বমোট | | ৫০ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নজিবুর রহমান**
সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd